যুগান্তর

তারিখ ... 31 JAN 2015 ..
পৃষ্ঠা ..৩.. কলাম .... ৪......

# ঢাবি ছাত্রলীগ নেত্রীর বিরুদ্ধে ইয়াবা ব্যবসার অভিযোগ

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শামসুন্নাহার হল শাখা ছাত্রলীগের সভাপতি নিশীতা ইকবাল নদীর বিরুদ্ধে ইয়াবা ব্যবসা ও অধঃস্তন নেত্রীকে অনৈতিক কর্মকাণ্ডে বাধ্য করার অভিযোগ উঠেছে। একই হলের 'খসড়া কমিটি'র দফতর সম্পাদক ইসরাত জাহান সোনালী এ অভিযোগ এনেছেন। বিষয়টি তিনি লিখিত আকারে ভিসি ও প্রক্টরের কাছে তুলে ধরেছেন। এদিকে বৃহস্পতিবার রাতে হলের ছাত্রীদের নিয়ে সোনালীর বিচার দাবিতে ভিসির সঙ্গে সাক্ষাৎ করেছেন নদী। সোনালী তার অভিযোগপত্রে নিজেকে হল ছাত্রলীগের দফতর সম্পাদক উল্লেখ করে বলেন, দীর্ঘদিন থেকেই নদী ইয়াবা ব্যবসা করছে। এই কাজে আমাকেও যুক্ত হওয়ার চাপ ও হুমকি দিচ্ছিলেন। কিন্তু আমি সাড়া না দেয়ায় আমাকে নির্যাতন করা হয়েছে। অভিযোগ পত্রে তিনি হল সভাপতি নদীকে ছাত্রলীগের নামধারী ভণ্ডনেত্রী উল্লেখ করে বিচারের দাবি জানান। অভিযোগপত্রে তিনি আরও বলেন, কিছুদিন থেকে নিশীতা ইকবাল নদী আমাকে দিয়ে অনৈতিক কর্মকাণ্ড করাতে চাপ প্রয়োগ করে আসছিল। আমি তাতে রাজি না হওয়ায় সরস্বতী পূজার রাতে কারণ ছাড়াই সে আমাকে বেধড়ক মারধর করে এবং হল ছাড়তে নির্দেশ দেয়।